



জেলা পরিষদ, ফরিদপুর
www.zpfaridpur.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং/জেপফ/প্রকৌঃ/ ৯৪

তারিখ : ১৫/০৪/২০২৪ খ্রিঃ।

গাছ বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দরপত্রের মাধ্যমে গাছ বিক্রয়ের জন্য (যেখানে যে অবস্থায় আছে) প্রকৃত ব্যবসায়ী/ইচ্ছুক ক্রয়কারীদের নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

১	সিডিউল প্রাপ্তি ও সিডিউল দাখিলের স্থান	ঃ	ক) জেলা পরিষদ কার্যালয়, ফরিদপুর খ) জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর গ) নির্বাহী প্রকৌশলীর দপ্তর এল.জি.ই.ডি, ফরিদপুর ঘ) উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর।
২	সিডিউল বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময়	ঃ	০৫-০৫-২০২৪ খ্রিঃ তারিখ বেলা ৪:০০ টা পর্যন্ত।
৩	দরপত্র গ্রহণের তারিখ ও সময়	ঃ	০৬-০৫-২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১:০০ টা পর্যন্ত।
৪	দরপত্র খোলার তারিখ ও সময়	ঃ	০৬-০৫-২০২৪ খ্রিঃ তারিখ বেলা ৩:০০ টা।

ক্রমিক নং	কাজের বিবরণ	সিডিউলের মূল্য প্রতি সেট	কাজের সময়
০১	ফরিদপুর জেলার ভাঙ্গা (পুকুরিয়া) সদরপুর সড়কটি প্রশস্তকরণ ও উন্নয়নমূলক কাজ বাস্তবায়নের লক্ষ্যে ক্রমিক নং ০১-২৩ নং পর্যন্ত রেইনট্রি ও মেহগনি গাছ বিক্রয়/অপসারণ সংক্রান্ত।	৭৫০.০০	৩০দিন।
	ফরিদপুর জেলার ভাঙ্গা (পুকুরিয়া) সদরপুর সড়কটি প্রশস্তকরণ ও উন্নয়নমূলক কাজ বাস্তবায়নের লক্ষ্যে ক্রমিক নং ২৪-৪৬ নং পর্যন্ত রেইনট্রি ও মেহগনি গাছ বিক্রয়/অপসারণ সংক্রান্ত।	৫০০.০০	৩০দিন।

শর্তাবলি :

- ০১। গাছ বিক্রয় কমিটি কর্তৃক নির্ধারিত সরকারি মূল্য অপেক্ষা কম দর দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০২। দরদাতা কর্তৃক দরের সমুদয় অর্থ এককালীন পে-অর্ডারের মাধ্যমে (প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফরিদপুর বরাবর) দাখিল করতে হবে। দরপত্রের সাথে পে-অর্ডার না থাকলে অথবা পে-অর্ডারের অর্থ কম হইলে উক্ত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৩। দরপত্রে দরদাতার পূর্ণ নাম ও ঠিকানা পরিষ্কারভাবে লিখতে হবে।
- ০৪। সর্বোচ্চ দরদাতার দর অনুমোদিত হওয়ার পর কার্যাদেশ প্রদানের ৩০(ত্রিশ) দিনের মধ্যে সমুদয় গাছ কর্তন/অপসারণ করতে হবে।
- ০৫। গাছ কাটার সময় পার্শ্ববর্তী কোন অবকাঠামো ক্ষতিগ্রস্ত হলে ঠিকাদার উহার ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন।
- ০৬। গাছ কর্তনের সময় বিদ্যুৎ/টেলিফোন লাইন থাকলে প্রয়োজনে ঠিকাদারকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহিত যোগাযোগ করে গাছ কর্তন করতে হবে। চুক্তিপত্র সম্পাদন ও কার্যাদেশ প্রদানের পূর্বে সর্বোচ্চ দরদাতাকে বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর প্রদান করতে হবে।
- ০৭। গাছ কর্তনের ক্ষেত্রে বনজঙ্গল পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১১ এর বিধি-৫ প্রযোজ্য হবে।
- ০৮। কর্তৃপক্ষ যে কোন দর গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

শেখ শহীদুল ইসলাম
সহকারী প্রকৌশলী (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, ফরিদপুর।

স্মারক নং-জেপফ-প্রকৌঃ/৯৪(০৭)

তারিখ : ১৫/০৪/২০২৪ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি ও নোটিশ বোর্ডে প্রচারের জন্য প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ০২। চেয়ারম্যান, জেলা পরিষদ, ফরিদপুর।
- ০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফরিদপুর।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর।
- ০৫। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বনবিভাগ, ফরিদপুর।
- ০৬। বিজ্ঞাপন ম্যানেজার ক) দৈনিক বাংলা ৭১, ঢাকা খ) দি ডেইলি নিউ নেশন, ঢাকা গ) দৈনিক বাঙ্গালী সময়, ফরিদপুর ঘ) সাপ্তাহিক গণমন, ফরিদপুর। বর্ণিত দরপত্র বিজ্ঞপ্তি আগামী ১৮-০৪-২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে আপনার পত্রিকার ভিতরের পৃষ্ঠায় (৩ কলাম X ৬ ইঞ্চি) একবার মাত্র প্রকাশের এবং প্রকাশিত পত্রিকার ০২ (দুই) কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ০৭। অফিস কপি।

সহকারী প্রকৌশলী (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, ফরিদপুর।

